

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org,

E-mail : wbcuta@yahoo.in

সার্কুলার- ১/২০১৭-১৮

তারিখ : ১০-১১-২০১৭

কনভেনর প্রাইমারী ইউনিট, ওয়েবকুটা/ জেলা সম্পাদক

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

শুরুতেই অধ্যাপক সমিতির ৯১তম বার্ষিক সাধারণ সভা ও আগের দিনের জাতীয় পর্যায়ের আলোচনা সভা দুটিকে সর্বাত্মক সফল করে তোলার জন্য আপনাদের অভিনন্দন জানাই।

এবারের বার্ষিক সাধারণ সভায় অন্যান্য পেশাগত বিষয়গুলির সাথে আংশিক, অতিথি ও চুক্তিভিত্তিক শিক্ষকদের সমস্যার বিষয়টি আমরা কর্মসমিতির সভাতেও সিদ্ধান্ত নিয়েছিলাম। এইসব অস্থায়ী শিক্ষক বন্ধুদের স্থায়ী শিক্ষকের মর্যাদায় প্রতিষ্ঠার লড়াইতে সমিতি সর্বশক্তি দিয়ে অংশ নেবে এবং প্রয়োজনে আইনি পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রেও দ্বিধা করবে না। ইতিমধ্যে সমিতি এ বিষয়ে মত বিনিময়ের জন্য দুটি জেলাতে অস্থায়ী শিক্ষক বন্ধুদের সঙ্গে বৈঠকে মিলিত হয়েছে। আমাদের লক্ষ্য হল আগামী ডিসেম্বর মাসের মধ্যে রাজ্যে প্রতিটি জেলায় আংশিক, অতিথি ও চুক্তিভিত্তিক শিক্ষকদের সঙ্গে আমরা খোলা মনে পারস্পরিক মত বিনিময়ের জন্য এ ধরনের বৈঠক করব।

এরপর পথে নেমে আন্দোলনের পাশাপাশি আমরা আইনজ্ঞের পরামর্শ নিয়ে সর্বাধিক সংখ্যক অস্থায়ী শিক্ষক বন্ধুদের সামনে রেখে আদালতে মামলার পথে যাব।

এবারের বার্ষিক সভায় এও সিদ্ধান্ত হয়েছে যে, সমিতির নেতৃত্বে কলকাতার রাজপথে শুধুমাত্র অস্থায়ী শিক্ষকদের নির্দিষ্ট বেতনক্রম ও সুনির্দিষ্ট চাকুরীর শর্তাবলি চালু করার দাবিতে মিছিল ও সমাবেশ সংগঠিত করা হবে।

সমিতির এই সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হওয়ার পরেও আমরা লক্ষ্য করছি দুঃখজনকভাবে আংশিক সময়ের কিছু শিক্ষক বন্ধু অধ্যাপক সমিতির উপরোক্ত আন্দোলন কর্মসূচিকে দুর্বল করার লক্ষ্যে এবং অস্থায়ী শিক্ষকদের বিপক্ষে চালিত করতে তৎপর হয়ে উঠেছেন। অতীতেও এই ঘটনা বারবার ঘটেছে। অধ্যাপক সমিতি বারংবার এইসব অসহায়, বঞ্চিত অস্থায়ী শিক্ষকদের মধ্যকার সমস্ত প্রকার বিভাজন রুখবার ডাক দিলেও এধরনের কিছু ক্ষতিকর প্রবণতা আংশিক, অতিথি ও চুক্তিভিত্তিক শিক্ষকদের আন্দোলনকে শুধু দীর্ঘায়িত করেছে তাই নয়, ধারাবাহিকভাবে দুর্বল করে দিচ্ছে। বর্তমান রাজ্য সরকারও তাই চায়।

আমরা তাই সমিতির সকল বন্ধুদের কাছে আবেদন রাখব, এইসব অস্থায়ী শিক্ষক বন্ধুদের সংগঠিত করবার ক্ষেত্রে মানবিক দৃষ্টিতে সহযোগিতার হাত বাড়ান এবং একই সাথে লক্ষ্য রাখুন সরকারের কোন প্রতিনিধি যেন বন্ধু সেজে এদের মধ্যে ঢুকে গিয়ে এই আন্দোলনকে পেছন থেকে ছুরি মারতে না পারেন।

অভিনন্দন সহ

শ্রীতিনাথ প্রহরাজ

(শ্রীতিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০